



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৫৮৬

তারিখঃ ১৯/০১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ বিদ্যালয়ে কর্মরত সহকারী প্রধান শিক্ষকের নিকট ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার হস্তান্তর পূর্বক যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত/অবসর গ্রহণ করলে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের শিম/শা-১১/৩-৯/২০১১/২৫৬ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক সহকারী প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালনের নির্দেশনা রয়েছে। কিন্তু ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন কুশমাইল টেকিপাড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত থাকায় (ইতোমধ্যে আদালত কর্তৃক সাময়িক বরখাস্ত সঠিক হয়নি মর্মে আদেশ দান) সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ জসিম উদ্দিন (ইনডেক্স নং-৪৭২৪৭৫) কর্মরত থাকাসত্ত্বেও আপনি জনাব মোহাম্মদ লুৎফর রহমান, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান ইনডেক্স নং-১১১২০১৯) কনিষ্ঠ শিক্ষক হিসাবে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করছেন, যা সম্পূর্ণ বিধিবিহীন।

বর্ণিতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের উল্লিখিত স্মারকপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ে কর্মরত সহকারী প্রধান শিক্ষকের নিকট ০৭(সাত) দিনের মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করে নিম্নস্বাক্ষরকারীসহ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

জনাব মোহাম্মদ লুৎফর রহমান  
সহকারী শিক্ষক  
কুশমাইল টেকিপাড়া উচ্চ বিদ্যালয়  
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ৫৮৬ (৮)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৬। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৭। জনাব মোঃ জসিম উদ্দিন, সহকারী প্রধান শিক্ষক কুশমাইল টেকিপাড়া উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
- ৮। অফিস কপি।

তারিখঃ ১৯/০১/২০২৩ খ্রিঃ

*Dr. Md. Masud*  
19, 01, 2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

